

## রিজেস্ট্রি কেমিক্যাল ব্যবস্থাপনা নীতিমালা

**লক্ষ্যঃ** .....,... লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সব সময়ই সুস্থ ও সুন্দর পরিবেশ ব্যবস্থাপনার উপর গুরুত্ব দিয়ে থাকে..... লিঃ লিঃ এ সকল কেমিক্যাল নির্দিষ্ট পদ্ধতির মাধ্যমে শনাক্ত করন, যথাযথ প্রক্রিয়াজাত করন ও সঠিক পদ্ধতির মাধ্যমে অপসারণ করে সুস্থ, সুন্দর ও ঝুঁকিমুক্ত কর্মপরিবেশ তৈরি করা এবং পরিবেশকে দূষণ মুক্ত রাখা এই পলিসির মূল উদ্দেশ্য ।

**উদ্দেশ্য :** সঠিক পদ্ধতিতে কেমিক্যাল নির্দিষ্ট ব্যবস্থাপনার মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও স্বাস্থ্যকর পরিবেশ বিরাজমান রাখা ।

**অঙ্গীকার :** .....,... লিঃ সুস্থ ও সুন্দর কর্ম পরিবেশ প্রতিষ্ঠায় সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবে । এছাড়া যে কোনো ধরনের কেমিক্যাল যাহা আমাদের প্রতিষ্ঠানের পরিবেশ ও নিরাপত্তা সামান্যতম ক্ষতির কারণ হতে পারে তা সু ব্যবস্থার মাধ্যমে নিরাপদ ভবিষ্যৎ ও সুস্থ পদচারণার প্রচেষ্টা চালিয়ে যাবে । প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা/কর্মচারী/কর্মী নিয়োগের ক্ষেত্রে এ নীতি প্রযোজ্য ।

**সূত্রঃ** কর্তৃপক্ষ সঠিকভাবে রাসায়নিক দ্রব্য ক্রয়, ব্যবহার, সংরক্ষণ ও অপসারণের জন্য বাংলাদেশ পরিবেশ সংরক্ষন আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০), বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ ও দেশের প্রচলিত পরিবেশ আইনের সাথে সম্পূরক জাতিসংঘের পরিবেশ নীতিসমূহ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিভিন্ন সময়ে স্বাক্ষরিত পরিবেশ নিয়ন্ত্রণের জন্য প্রবিধি, রাসায়নিক দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রণের ক্ষেত্রে ক্রেতাদের নির্দেশনা, বাংলাদেশ কেমিক্যাল কর্পোরেশন কর্তৃক রাসায়নিক দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রণ বিধিমালা অনুসরণ করে থাকেন এবং কোম্পানির প্রচলিত বিধি বিধান, বিভিন্ন বায়ারের আপডেটেট MRSL এবং RSL অনুসরণ, বিভিন্ন খ্যাতনামা ক্রেতার Restriction List অনুসরণ এবং সর্বোপরি আপডেটেট ইমপ্লিমেন্টেশন টুল কিট অনুসরণ করে অত্র কারখানায় কেমিক্যাল ক্রয় ও ব্যবহার করা হয় ।

### বাস্তবায়নকারী ব্যক্তিবর্গ :

#### ব্যবস্থাপনা পরিচালকঃ

যেকোন প্রকার সংস্কার বা উন্নয়ন মূলক কাজের অনুমোদন প্রদান এবং আর্থিক যোগান ।

#### ই সি আর :

- ১। নিয়মিত কার্যাবলীর তত্ত্বাবধান করা ।
- ২। সিওসি সহ অন্যান্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে নিয়ে কার্য বাস্তবায়ন ।
- ৩। নিয়মিত মিটিং ও ফলোআপ করা ।
- ৪। উর্দ্ধতন কর্তৃপক্ষকে রিপোর্ট পেশ এবং ফিডব্যাক নেওয়া ।
- ৫। কেমিক্যাল ব্যবস্থাপনার পরিকল্পনা অনুযায়ী কাজ হচ্ছে কিনা তত্ত্বাবধান ।
- ৬। মিটিং ফলোআপ ও ফিডব্যাক ।

### দায়িত্ব প্রাপ্ত নিয়োজিত ব্যক্তি (স্টোর) :

- ১। পলিসিটি বাস্‌ড্রায়নের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহন করবেন।
- ২। বিক্রেতার থেকে কেমিক্যাল সংগ্রহ করবে।
- ৩। লেবেলিং এবং শ্রেণি অনুযায়ী কেমিক্যাল স্টোর নিশ্চিত করবে।
- ৪। কেমিক্যাল পরিষ্কার জন্য গবেষণাগারে পাঠাবে
- ৫। গবেষণাগারের রিজেন্ট কেমিক্যাল লিষ্ট অনুযায়ী রিজেন্ট কেমিক্যাল রিজেন্ট স্টোর এরিয়াতে সংরক্ষন করবে।
- ৬। রিজেন্ট কেমিক্যালের আলাদা ভাবে হিসাব রাখবে।
- ৭। পারচেজকে অবহিত করবে।

### দায়িত্ব প্রাপ্ত নিয়োজিত ব্যক্তি (গবেষণাগার) :

- ১। কেমিক্যাল টেস্ট করবে এবং জাতীয় ও ক্রেতাদের নির্দেশনা অনুযায়ী কেমিক্যাল রিজেন্ট কিনা নিশ্চিত করবে।
- ২। রিজেন্ট কেমিক্যাল লিষ্ট স্টোরের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নিকট প্রেরন করবে।
- ৩। জাতীয় ও ক্রেতাদের নির্দেশনা অনুযায়ী নথি সংরক্ষন ও পরবর্তীতে উহার বাস্‌ড্রায়ন।

### দায়িত্ব প্রাপ্ত নিয়োজিত ব্যক্তি (পারচেজ) :

- ১। কেমিক্যাল বিক্রেতার সাথে যোগাযোগ করবে এবং রিজেন্ট কেমিক্যাল বিক্রেতার নিকট ফেরৎ পাঠাবে।

### বাস্‌বায়ন রুটিন - যোগাযোগ পদ্ধতি :

কার্যপ্রণালী	দায়িত্ব প্রাপ্ত নিয়োজিত ব্যক্তি	কখন	সময়সীমা
স্টোরের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি বিক্রেতার থেকে কেমিক্যাল সংগ্রহ করবে এবং গবেষণাগার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নিকট টেস্টের জন্য পাঠাবে। গবেষণাগার দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি কেমিক্যাল টেস্ট করবে এবং জাতীয় ও ক্রেতাদের নির্দেশনা অনুযায়ী কেমিক্যাল রিজেন্ট কিনা নিশ্চিত করবে এরপর রিজেন্ট কেমিক্যাল লিষ্ট স্টোরের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নিকট প্রেরন করবে। স্টোরের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি গবেষণাগারের রিজেন্ট কেমিক্যাল লিষ্ট অনুযায়ী রিজেন্ট কেমিক্যাল রিজেন্ট স্টোর এরিয়াতে সংরক্ষন করবে এবং পারচেজকে অবহিত করবে। পারচেজ দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি কেমিক্যাল বিক্রেতার সাথে যোগাযোগ করবে এবং রিজেন্ট কেমিক্যাল বিক্রেতার নিকট ফেরৎ পাঠাবে। ই সি আর কেমিক্যাল ব্যবস্থাপনার পরিকল্পনা অনুযায়ী কাজ হচ্ছে কিনা তত্ত্বাবধান করবে।	ই সি আর, দায়িত্ব প্রাপ্ত নিয়োজিত ব্যক্তি (স্টোর), দায়িত্ব প্রাপ্ত নিয়োজিত ব্যক্তি (গবেষণাগার), দায়িত্ব প্রাপ্ত নিয়োজিত ব্যক্তি (পারচেজ)।	প্রত্যেক কেমিক্যাল সংগ্রহের সময়	সবসময়